তারিখ ঃ ২১/০১/২০২৬, কলকাতা

# West Bengal Motion Picture Artists' Forum

Technicians' Studio, Administrative Building, 4th Floor, 4, Baburam Ghosh Road, Tollygunge, Kolkata - 700 040
Phone : 8274000097, 033 24214394 ● Email : wbmpaf@gmail.com, Web : www.wbmpaf.com
WBMPAF Official Whatsapp Number : 8274000097
Regd No. 22893

# কার্যকরী সমিতি নির্বাচন ২০২৬ ও ২০২৭

তারিখ ঃ ৮ই ফেব্রুয়ারী ২০২৬ (দ্বিতীয় রবিবার) স্থান ঃ টেকনিশিয়ান্স স্টুডিও (টালিগঞ্জ)

বার্ষিক সাধারণ সভা ঃ সকাল ৯ টা ।। ভোটপ্রদান ঃ দুপুর ১২ টা থেকে বিকেল ৫ টা

# ভোটগ্রহণ ও ভোটপ্রদানের নিয়মাবলী

প্রত্যেক বৈধ ভোটারদের ক্ষেত্রেই ভোটপ্রদান বাধ্যতামূলক।

সমগ্র নির্বাচন প্রক্রিয়াতে নির্বাচন অধিকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত।

১) যাদের সদস্যপদ ২০২৪ সাল পর্যন্ত নবীকরণ করা আছে তারাই একমাত্র বৈধ ভোটার।

২) আজীবন সদস্যরা (Life Members) সকলেই ভোটপ্রদান করতে পারবেন।

৩) প্রত্যেক বৈধ ভোটারকে নির্বাচনের দিন সশরীরে উপস্থিত থাকতে হবে। যারা কলকাতার বাইরে থাকার কারণে বা অসুস্থতার কারণে বা অন্য কোনো কারণে উপস্থিত থাকতে পারবেন না তাদেরকে আগামী ৫ই ফেব্রুয়ারীর ২০২৬ -র মধ্যে লিখিতভাবে ফোরামকে জানাতে হবে।

৪) প্রত্যেক ভোটারকে নির্বাচনের দিন ভোটপ্রাঙ্গণে এসে ফোরামের অস্থায়ী কার্যালয়ে মেম্বারশিপ কার্ড দেখিয়ে নিজের নাম নথিভুক্ত করিয়ে ভোটার স্লিপ (Voter Slip) সংগ্রহ করতে হবে। এই স্লিপ (Slip) ছাড়া কেউই ভোটপ্রদান কক্ষে (Polling Booth) প্রবেশ করতে পারবেন না।

৫) প্রত্যেক সদস্য / সদস্যাদের ওই দিন ফোরামের কার্ড অথবা সাম্প্রতিক চাঁদার রসিদ সঙ্গে রাখা বাধ্যতামূলক। অনথ্যায়, অনুষ্ঠানে প্রবেশাধিকার দেওয়া সম্ভব হবেনা। যদি কোন কারণে এর কোনটাই সদস্য / সদস্যার কাছে না থাকে, তাহলে দয়া করে ৩১/০১/২০২৬ তারিখের মধ্যে ফোরাম অফিসে সশরীরে যোগাযোগ করুন।

৬) ভোটগ্রহণ পর্ব দুপুর ১২টা থেকে বিকেল ৫টা অবধি চলবে। বিকেল ৫টার পর আর কাউকেই ভোটিং স্লিপ (Voting Slip) দেওয়া হবে না।

৭) মনে রাখতে হবে সমগ্র নির্বাচন প্রক্রিয়াটি নির্বাচনী অধিকর্তার (Election Commissioner) তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। তাই সমস্ত ভোটারকে অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন শান্তিপূর্ণভাবে নির্বাচন প্রক্রিয়ায় সম্পূর্ণ সহযোগিতা করেন। কারণ, আপনার আচরণ যদি নির্বাচনবিধি লঙ্ঘন করে তাহলে নির্বাচন আধিকারিকেরা আপনার ভোটটি নাও গ্রহণ করতে পারেন বা আপনার ভোটটি বাতিলও করতে পারেন।

৮) আপনার ভোট আপনার ব্যক্তিগত বিষয়, তাই কে বা কারা আপনার পছন্দের প্রার্থী বা কাকে ভোট দিলেন তা সম্পূর্ণ গোপন রাখবেন।

৯) Polling Booth (ভোটপ্রদান কক্ষে)-এ ঢুকে প্রথমে আপনার ভোটিং স্লিপ (Voting Slip) -টি নির্বাচন আধিকারিককে দেখান। Voting Register -এ সই করে Ballot সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে গিয়ে গোপনে আপনার Ballot -এ আপনার পছন্দের প্রার্থীদের ভোট দিন। তারপর আপনার Ballot টি নির্বাচন আধিকারিকের সামনে রাখা Ballot Box -এ ফেলুন।

১০) মনে রাখতে হবে, ফোরামের নির্বাচনের পরিবেশ সম্পূর্ণ সৌহার্দ্যপূর্ণ, সেখানে কোনো ধরণের অপরাধমূলক আচরণ বা বিশৃঙ্খলাকে সমর্থন করা হবে না।

১১) নির্বাচন প্রাঙ্গনে কোনো অসুবিধার সম্মুখীন হলে সত্বর ওখানকার অস্থায়ী কার্যালয়ে যোগাযোগ করুন।

১২) আপনার Ballot -এর ছবি তোলা সম্পূর্ণ নিষিদ্ধ। ধরা পড়লে আপনার ভোটটি বাতিল বলে গণ্য হবে।

১৩) কোন পদে কতজন প্রার্থী আছেন ভালো করে দেখে বুঝে টিক (☑) দিন। উদাহরণস্বরূপ ধরা যাক, সহ সভাপতি পদে পাঁচ (৫) জনকে নির্বাচিত করতে হবে কিন্তু ছয় (৬) জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। সেক্ষেত্রে আপনি ওই পদের জন্য সর্বাধিক পাঁচ (৫) জনকে টিক (☑) দিতে পারবেন। কিন্তু পাঁচ (৫) -এর বেশি জনকে টিক (☑) দিলে ওই পদের জন্য আপনার প্রদেয় ভোটটি বাতিল বলে গণ্য হবে। তবে আপনার ইচ্ছে না হলে ওই পদের জন্য পাঁচ (৫) -এর কম জনকে ভোট দিতে পারেন। আবার কাউকে ভোট নাও দিতে পারেন।

১৪) Ballot Paper খুঁটিয়ে দেখে আপনার পছন্দের প্রার্থী / প্রার্থীদের পাশে টিক চিহ্ন (☑) দিন। উক্ত প্রার্থী / প্রার্থীদের টিক (☑) দেওয়ার জন্য Ballot -এ যে নির্দিষ্ট জায়গা দেওয়া থাকবে শুধুমাত্র সেখানেই টিক (☑) দিতে হবে। অন্য কোথাও টিক (☑) দিলে ওই প্রার্থী / প্রার্থীদের দেওয়া আপনার ভোটটি বাতিল বলে গণ্য হবে। Ballot -এ কোনো ভুল বা কাটাকুটি থাকলে Ballot -টি বাতিল বলে গণ্য হবে।

১৫) Ballot -এ টিক (☑) দেওয়ার জন্য Voting Table -এর সামনে যে পেন (Pen) থাকবে শুধুমাত্র ওটা দিয়েই টিক (☑) দিতে হবে। অন্য পেন (Pen) বা কালি ব্যবহার করলে আপনার Ballot -টি বাতিল বলে গণ্য হবে।

১৬) Polling Booth (ভোটপ্রদান কক্ষে)-এ কোনো সমস্যায় পড়লে তৎক্ষণাৎ নির্বাচনী অধিকর্তা (Election Commissioner) বা ওই Booth-এর Presiding Officer / Polling Officer -এর সাহায্য নিন।

১৭) প্রার্থীদের ভোট গণনার সময়ে গণনাকেন্দ্রে সশরীরে উপস্থিত থাকতে হবে। যদি কোনো প্রার্থী নিজে উপস্থিত না থাকেন তাহলে সংগঠনের কোনও একজন বৈধ সদস্যকে ভোট গণনার ন্যূনতম ২৪ ঘন্টা আগে তাঁর প্রতিনিধি হিসেবে নিযুক্ত করতে পারেন। অন্যথায় গণনার ফলাফল যাই হোক না কেন সংশ্লিষ্ট প্রার্থী কোনোভাবেই ভারতবর্ষের কোথাও সেই ফলাফলকে চ্যালেঞ্জ জানাতে পারবেন না। গণনা কক্ষে প্রার্থী বা তাঁর অনুপস্থিতিতে নিয়োজিত প্রতিনিধি এবং নির্বাচন আধিকারিক (Election Commissioner) দ্বারা স্বীকৃত ব্যক্তি ব্যতিত অন্যদের প্রবেশ কঠোরভাবে নিষিদ্ধ।

১৮) Ballot -এ যদি কোনো ভোটার তার নিজের স্বাক্ষর বা তার নাম অথবা কোনো প্রতিকৃতি প্রদান করেন তাহলে সেই ভোটটি বাতিল বলে গণ্য হবে।

১৯) প্রতিদ্বন্দ্বী দু'জন প্রার্থী যদি একই সংখ্যক ভোট পান তবে নির্বাচনী অফিসার অথবা সহকারী নির্বাচনী অফিসার লটারির মাধ্যমে সেটির নিষ্পত্তি করবেন।

২০) ভোটগ্রহণ পর্বের ৩০ মিনিটের বিরতি দিয়ে মঞ্চের ওপর সর্বসমক্ষে ভোটগণনা পর্ব শুরু হবে। যতক্ষণ না গণনা পর্ব শেষ হচ্ছে ততক্ষন কোনো প্রার্থী বা সদস্য গণনামঞ্চে উঠতে পারবেন না।

ফলাফল ঘোষণা - ভোট গণনা শেষ হওয়া মাত্র।

সদস্য ছাড়া ভোট প্রাঙ্গনে অন্যদের প্রবেশ কঠোরভাবে নিষিদ্ধ।